তারিখ ... 15 MAR 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

যুগান্তর

# বাউবির এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ৭৪.৮০ শতাংশ

**গাজীপুর প্রতিনিধি**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০১৪ সালের এইচএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার বাউবির এইচএসসি প্রোগ্রামের ১ম ও ২য় বর্ষের পরীক্ষায় ১ লাখ ৫১ হাজার ৫৯১ শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ২য় বর্ষে ৭৯ হাজার ৭১৪ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। চূড়ান্ত পরীক্ষায় বিভিন্ন গ্রেডে ৫৯ হাজার ৬২৭ শিক্ষার্থী কৃতকার্য হয়। পাসের হার ৭৪ দশমিক ৮০ ভাগ।